**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 25-07-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Union Cabinet-paper leak :**

প্রশ্নপত্র ফাঁস এবং পরীক্ষায় অসদুপায় অবলম্বনের ক্ষেত্রে দ্রুত বিচার আদালত স্থাপন ও কঠোর শাস্তি নিশ্চিত করার জন্য একটি খসড়া বিল গতকাল কেন্দ্রীয় মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে। সংসদ ভবন চত্বরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই খসড়া বিলটি অনুমোদিত হয়। জানা গেছে, প্রস্তাবিত আইনটি আগামী সপ্তাহে সংসদে পেশ করা হতে পারে। উল্লেখ্য, এক ভিডিও বার্তায় গতকালই প্রধানমন্ত্রী ঘোষণা করেছিলেন, প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের বিধান সম্বলিত একটি বিল সংসদে পেশ করা হবে।

**********************

**PM Modi thanks youth:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর ভিডিও বার্তার পর পাওয়া সাড়া ও পরামর্শের জন্য দেশের তরুণদের ধন্যবাদ জানিয়েছেন। সামাজিক মাধ্যমে নিজের পোস্টে তরুণদের বিপুল সমর্থনের জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। ভিডিওটি এখন পর্যন্ত ৩০৩ মিলিয়নেরও বেশি দর্শক সংখ্যা অতিক্রম করেছে, যা নাকি, পোস্টটি সামনে আসার প্রথম ২৪ ঘণ্টার মধ্যে সর্বাধিক দেখা ভিডিও হিসেবে বিবেচিত হয়েছে।

*******************

## Sudhanshu Das :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আগরতলার প্রজ্ঞাভবনে গতকাল ৫০টি মিনি মোবাইল ভেটেরিনারি ইউনিট অর্থাৎ মিনি এম্বুলেন্স পরিষেবা চালু করেছেন। এই এম্বুলেন্সগুলি রাজ্যের ৫০টি ব্লকে পৌছে দেওয়া হবে। মন্ত্রী শ্রী দাস জানিয়েছেন, এই অ্যাম্বুলেন্সগুলি প্রাণীদের সুরক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যে সমস্ত প্রাণীপালকরা তাদের পশুপাখি চিকিৎসা কেন্দ্রে নিয়ে যেতে অপারগ তারা ১৯৬২ এই টোল ফ্রি নাম্বারে ফোন করলেই প্রাণী চিকিৎসকরা নির্দিষ্ট স্থানে পৌঁছে যাবেন এবং প্রাণীদের চিকিৎসা প্রদান করবেন।

**********************

**India condemns- MV OMORFI:**

কৃষ্ণ সাগরে বাণিজ্যিক জাহাজ এমভি ওমোরফির ওপর হামলায় নিজের দেশের এক নাগরিকের প্রাণহানির ঘটনায় ভারত তীব্র নিন্দা জানিয়েছে। বাণিজ্যিক জাহাজের ওপর হামলাকে গ্রহণযোগ্য নয় জানিয়ে ভারত সংশ্লিষ্ট সকল পক্ষকে সামুদ্রিক নৌচলাচল ও আন্তর্জাতিক বাণিজ্যের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, জাহাজটি ১৮ জুলাই কৃষ্ণ সাগর অতিক্রম করার সময় রাশিয়ার জলসীমায় আক্রান্ত হয়। জাহাজটিতে তিনজন ভারতীয় নাগরিকসহ ১০ জন নাবিক ছিলেন। এই হামলায় জাহাজে থাকা অন্য দুই ভারতীয় নাগরিক নিরাপদে আছেন বলেও মন্ত্রক জানিয়েছে।

**********************

## Disaster Emergency Responder Kits :

ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে  কৈলাশহর সার্কিট হাউসে গতকাল  ২১০ জনকে আপদা মিত্র এবং সিভিল ডিফেন্সের স্বেচ্ছাসেবককে বিপর্যয় মোকাবিলার জন্য ব্যবহৃত সামগ্ৰী তুলে দেওয়া হয়। এই পর্বে উপস্থিত ছিলেন জেলাশাসক মেঘা জৈন,২ অতিরিক্ত জেলাশাসক  অর্ঘ্য সাহা ও সাগর শোভন দেবনাথ, কৈলাশহরের SDM শান্তিময় দেববর্মা প্রমুখ।

*******************************

**Special Gramsabha :**

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ দ্বিতীয় পর্যায় এবং ভিবি জি রাম জি প্রকল্পে নিয়ে গতকাল জোলাইবাড়ী ব্লকের তরুমা-কোয়াইফাং, বীরেন্দ্রনগর এবং শ্রীকান্তবাড়ী এডিসি ভিলেজে বিশেষ গ্রাম সভা অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া এই ৩টি সভায় উপস্থিত ছিলেন|

**********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ২৬শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৬তম পর্ব| মূল পূর্বের ঠিক পরে প্রচারিত হবে স্থানীয় ভাষায় মন কি বাতের অনুবাদ|

**********************

**MBBS :**

সরকার মেডিকেল কলেজে স্নাতক এবং স্নাতকোত্তর আসন সংখ্যা বৃদ্ধি করেছে।  লোকসভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল গতকাল জানান, ২০১৪ সালে দেশে মেডিকেল কলেজ ছিল ৩৮৭টি| বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ৮৪৪টি| এই সময়ের মধ্যে স্নাতক আসন ৫১ হাজার ৩৪৮

থেকে বেড়ে ১ লক্ষ ৩৯ হাজার ৪৮৯ এবং স্নাতকোত্তর আসন ৩১ হাজার ১৮৫ থেকে বেড়ে ৮৬ হাজার ৩৬0 হয়েছে।

*********************

**.Commonwealth Games:**

পুরুষদের হেভিওয়েট প্যারা পাওয়ারলিফটিং ফাইনালে ঝান্ডু কুমার আজ ভোরের দিকে ব্রোঞ্জ পদক জেতার মাধ্যমে গ্লাসগোতে অনুষ্ঠিত ২0২৬ কমনওয়েলথ গেমসে ভারত তাদের পদক জয়ের অভিযাত্রা শুরু করেছে।বিহারের নালন্দা জেলার বাসিন্দা ঝান্ডু কুমার দ্বিতীয় প্রচেষ্টায় ১৯0 কেজি উত্তোলনের মাধ্যমে ১৩0.৯ পয়েন্ট অর্জন করে পদক নিশ্চিত করেছেন।

******************

**SM Cup Football-Sonamura :**

সিপাহীজলা জেলা ভিত্তিক সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতা গতকাল সোনামুড়ার স্পোর্টিং এসোসিয়েশন মাঠে অনুষ্ঠিত হয়৷ জেলার অন্তর্গত সোনামুড়া, বিশালগড় ও জম্পুইজলা মহকুমা থেকে অনূর্ধ ১৫ বালক বিভাগ এবং অনূর্ধ্ব ১৭ বালিকা বিভাগ মিলিয়ে মোট ৮টি দল অংশগ্রহন করে। জেলা পর্যায়ের চ্যাম্পিয়ান দলগুলি আগামী ২৮ তারিখ রাজ্যস্তরীয় প্রতিযোগিতায় অংশগ্রহন করবে।

*****************

**FOOTBALL :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ত্রিবেণী সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ত্রিবেণী সংঘ ৬-0 গোলে বিবেকানন্দ ক্লাবকে হারিয়ে দেয়। বিজয়ী দলের লালমিঙ্গা জোয়ালা হ্যাটট্রিক করেন।

**********************

## Weather :

আগামী ২৪ ঘন্টায়  সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।ভোরে  সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।সকাল সাড়ে ৫ টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ০.৮ মিলিমিটার |

***********************

*******************